গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০২.০০১.২৩.৩০৯

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৪-এর সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৪-এ স্থানীয় সরকার বিভাগ সম্পর্কিত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) স্বল্পমেয়াদি

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক, কুমিল্লা | জেলা পরিষদের ১৩তম হতে ২০তম (সাবেক ৩য় ও ৪র্থ শ্রেণির) গ্রেডের কর্মচারী নিয়োগ কার্যক্রম বিভাগীয় নির্বাচনী বোর্ড-এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক, রাজশাহী, বরিশাল | সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১ এর ৩.১ অনুচ্ছেদে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি সংশোধনক্রমে সহকারী কমিশনার (ভূমি)-কে অন্তর্ভুক্ত করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৩. | জেলা প্রশাসক, বগুড়া | পৌর এলাকার হাটবাজারের ইজারালব্ধ অর্থের অন্তত ১০% উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করার বিষয়ে পরিপত্র সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৪. | জেলা প্রশাসক, নীলফামারী | সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা ১মার্চ, ২০১১-এর ৯ অনুচ্ছেদের ৯.২.৩ নং উপ-অনুচ্ছেদ সংশোধনপূর্বক প্রতিটি সরকারি হাট-বাজারের ইজারালব্ধ প্রাপ্ত আয় ইউনিয়ন পরিষদের উন্নয়নের জন্য ৫% থেকে ১৫%-এ বৃদ্ধিকরণ বিষয়ে পরিপত্র সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৫. | জেলা প্রশাসক, গোপালগঞ্জ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অফিস টাইম নির্ধারণ এবং যথাযথ কর্তৃপক্ষকে অবগত রেখে কর্মস্থল ত্যাগের বিষয়টি নিশ্চিতের জন্য সুনির্দিষ্ট কর্তৃপক্ষকে দায়িত্ব প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৬. | জেলা প্রশাসক, রাজবাড়ী, নরসিংদী | গ্রামপুলিশের জন্য সরকারি অন্যান্য কর্মচারীদের ন্যায় অবসরকালীন লাম্পগ্রান্ট, গ্র্যাচুইটি এবং পেনশন সুবিধাদি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৭. | জেলা প্রশাসক, রাজবাড়ী | ইউনিয়ন পরিষদ সচিবগণের আর্থিক সচ্ছলতা নিশ্চিতকরণে অন্যান্য সরকারি কর্মচারীদের ন্যায় মাসিক পেনশন সুবিধা চালু বা সর্বজনীন পেনশন এর আওতায় আনতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৮. | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | সকল খেয়াঘাট বা ফেরিঘাট স্থানীয় সরকার বিভাগের ব্যবস্থাপনায় রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৯. | জেলা প্রশাসক, রাজবাড়ী | উপজেলা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অফিসটি উপজেলা পরিষদে হস্তান্তর করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

(খ) মধ্যমেয়াদি

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক, ফেনী | যাচাই-বাছাইক্রমে উপজেলা পরিষদ ম্যানুয়ালের উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার ৬(১) সংশোধন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | মন্ত্রিপরিষদ বিভাগ | জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের জন্য সরকারি কর্মচারীদের ন্যায় পিআরএল পরবর্তী মাসিক পেনশন চালু করা অথবা বর্তমানে সরকারের চালুকৃত সর্বজনীন পেনশন স্কিমের আওতায় আনার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৩. | জেলা প্রশাসক, কক্সবাজার | সেন্টমার্টিনের জন্য FSTP (Fecal Sludge Treatment Plant) স্থাপন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৪. | জেলা প্রশাসক, কক্সবাজার | সেন্টমার্টিনের জনসাধারণের জন্য বিশুদ্ধ পানি সরবরাহে De-Salination Project বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৫ | জেলা প্রশাসক, পঞ্চগড়, শেরপুর, গাইবান্ধা | পর্যায়ক্রমে সকল উপজেলা পরিষদ চত্বরে গোডাউন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৬. | জেলা প্রশাসক, বাগেরহাট | ইউনিয়ন পরিষদসমূহে নৈশ প্রহরীর পদ সৃষ্টি করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৭. | জেলা প্রশাসক, মানিকগঞ্জ | অনলাইন পদ্ধতিতে হাট-বাজার ইজারা প্রদান কার্যক্রম চালুর বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৮. | জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ | পর্যায়ক্রমে উপজেলা পরিষদে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য উপজেলা কম্পাউন্ডের মধ্যে আধুনিক আবাসন ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৯. | জেলা প্রশাসক, রাজবাড়ী | বিভাগীয় পর্যায়ে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RNILG) স্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ১০. | জেলা প্রশাসক, নড়াইল, ব্রাহ্মণবাড়িয়া | উপপরিচালক, স্থানীয় সরকার-এর জন্য গাড়ি চালকের পদ সৃজন, নিয়োগ ও বেতন ভাতাদি সংক্রান্ত বরাদ্দ বৃদ্ধির জন্য পদটি স্থানীয় সরকার বিভাগের অর্গানোগ্রামভুক্ত করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ১১. | জেলা প্রশাসক, গাইবান্ধা | উপজেলা পরিষদ কর্মচারি বিধিমালা সংশোধন করে উপজেলা পরিষদের সিএ এবং ড্রাইভারদের বদলির ব্যবস্থা রাখতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ১২. | জেলা প্রশাসক, পাবনা | ইছামতী নদী খনন প্রকল্পের আওতায় ২৩টি নির্মিতব্য ব্রিজের অতিরিক্ত দুইটি ব্রিজ নির্মাণের বিষয়ে যাচাইক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ১৩. | জেলা প্রশাসক, মাগুরা | উপজেলা পরিষদ আইন ২০০৯-এর ৭ ধারা সংশোধন করে কোনো কারণে নির্বাচন করা সম্ভব না হলে সেখানে অন্তর্বর্তীকালীন একজন প্রশাসক নিয়োগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

(গ) দীর্ঘমেয়াদি: নেই।

২। উল্লেখ্য, জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন মন্ত্রিপরিষদ বিভাগের অন্যতম প্রধান কর্মকৃতি নির্দেশক (কে.পি.আই)।

৩। এমতাবস্থায়, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৪-এ স্থানীয় সরকার বিভাগ সম্পর্কিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে যুগ্মসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগে (ই-মেইল: faco_sec@cabinet.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৪-৪-২০২৪
মোহাম্মদ খোরশেদ আলম খান
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৮১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০২.০০১.২৩.৩০৯/১

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২৪-৪-২০২৪
মোহাম্মদ খোরশেদ আলম খান
যুগ্মসচিব